

ঝিনাইদহে চাল বোঝাই ট্রাক থেকে ২১০০(দুই হাজার একশত) বোতল ফেন্সিডিল উদ্ধার



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঝিনাইদহ সার্কেলের একটি রেইডিং টিম ২৭.০১.২০১৫ ইং তারিখ সকাল ৫.৩০ ঘটিকায় ঝিনাইদহ-যশোর মহাসড়কের ঝিনাইদহ হামদহ বাইপাস সড়কে অবস্থিত ডায়াবেটিক হাসপাতালের পূর্বপার্শ্বে থামানো অবস্থায় থাকা চাল বোঝাই ট্রাক নং-ঢাকা মেট্রো-ট-১৮-৩০১০ তল্লাশী করেন। তল্লাশীকালে উক্ত ট্রাকের চালকের সিটের

পেছনে বিশেষ কায়দায় তৈরী বক্সের মধ্যে লুকানো অবস্থায় ২১০০(দুই হাজার একশত) বোতল ফেন্সিডিল উদ্ধার করেন। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়রী করা হয়েছে। যার নং-১২২৪, তাং-২৭.১.১৫। প্রকৃত অপরাধীকে সনাক্তকরণের জন্য তদন্ত চলছে।